দৈনিক খবর ১৫

তারিখ 04 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

প্রধান প্রধান দলের বৈঠক

# শিক্ষায়তনে সন্ত্রাসরোধে সর্বসম্মত ৭ দফা প্রস্তাব

গভীর রাতে বাসস জানায়ঃ প্রধান প্রধান রাজনৈতিক দলগুলো শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ প্রতিষ্ঠার জন্য সন্ত্রাস রোধে সর্বসম্মতভাবে ৭ দফা প্রস্তাব গ্রহণ করেছে।

গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রী খালেদা জিয়ার আমন্ত্রণে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত রাজনৈতিক দলগুলোর এক বৈঠকে এই প্রস্তাব গৃহীত হয়। ক্যাম্পাসসহ জীবনের সকল পর্যায়ে সন্ত্রাসরোধের উপায় খুঁজে বের করার জন্য এই বৈঠক আহবান করা হয়।

বৈঠকে অংশগ্রহণকারী সকল দল ৭ দফা প্রস্তাবে অবৈধ অস্ত্রধারীদের বিরুদ্ধে সরকারের যে কোন পদক্ষেপের প্রতি পূর্ণ সমর্থনের অঙ্গীকার ঘোষণা করে।